বিশ্বরেকর্ড, সোনায় উজ্জ্বল অভিনবরা

জার্মানিতে বিশ্ব জুনিয়র শুটিং চ্যাম্পিয়নশিপে ১০ মিটার এয়ার রাইফেলের মিক্সড টিম ইভেন্টে সোনা জিতল ভারতের অভিনব সাউ এবং শম্ভাবি শ্রাবণ। বঙ্গ–মারাঠি জুটির স্কোর ৫০৫.৮। যা বিশ্বরেকর্ড। দু'জনকেই অভিনন্দন জানিয়েছেন অলিম্পিয়ান জয়দীপ কর্মকার।

জিতে আশায় ভারত

আজকালের প্রতিবেদন

মহিলাদের টি২০ বিশ্বকাপে বাংলাদেশকে ৫ উইকেটে হারিয়ে সেমিফাইনালে যাওয়ার আশা টিকিয়ে রাখল ভারত। টস জিতে বাংলাদেশ প্রথমে ব্যাটিং করে ২০ ওভারে ১৩৬/৮ তোলে। ৩.১ ওভার হাতে রেখেই প্রয়োজনীয় লক্ষ্যে পৌঁছে যান হরমনপ্রীত কাউররা। গ্রুপে চারটি ম্যাচের মধ্যে তিনটিতে জেতার পর ভারতের নেট রানরেট এখন +২.২৬৮। ভারতের শেষ ম্যাচ শীর্ষে থাকা অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। তবে এই গ্রুপের তৃতীয় স্থানে থাকা দক্ষিণ আফ্রিকা আপাতত তিন ম্যাচ খেলে দুটিতে জিতে রয়েছে। তাদের নেট রানরেট -০.৫৪৬।

এদিন বাংলাদেশের রান মহিলাদের টি২০ বিশ্বকাপের ইতিহাসে ভারতের বিরুদ্ধে সর্বোচ্চ স্কোর হয়ে রইল। তবে, একইভাবে হতাশ করল ভারতের ফিল্ডিং। একটা সময় কিছু বলের ব্যবধানে চারটি সহজ ক্যাচ ফেলেন ভারতীয়রা। দ্বিতীয় ওভারের শেষ বলে দিলারা আখতারকে ফিরিয়ে প্রথম ধাক্কা দেন রেণুকা সিং ঠাকুর। দ্বিতীয় উইকেটে বেশ খানিকটা রান তুলে ফেলে বাংলাদেশ। জুয়াইরিয়া ফিরদৌস এবং শোভনা মোস্তারি ৫১ রানের জুটি গড়েন। ফিরদৌস ৩১ বলে ৩৩ করে বোলার নন্দনীর হাতেই ক্যাচ দিয়ে বসেন। শোভনা করেন ২৬ বলে ২২। অধিনায়ক নিগার সুলতানা ২৭ বলে ৩২ রানের গুরুত্বপূর্ণ ইনিংস খেললেন। ভারতীয় বোলারদের মধ্যে রাধা যাদব ৪ ওভারে ২৮ রান ব্যয় করে ৩ উইকেট নেন। শ্রী চরণি ২ উইকেট নেন।

ভারত রান তাড়া করতে নামলে প্রথম ওভারেই মারুফা আখতারের বিষাক্ত সুইং সামলাতে গিয়ে শেফালি ভার্মা খোঁচা দিয়ে বসেন। সহজ ক্যাচ ফেলে শেফালিকে জীবন দেন বাংলাদেশের উইকেটরক্ষক তথা অধিনায়ক নিগার। শেফালি ৩৪ বলে ৫৩ রানের ঝোড়ো ইনিংস খেলে জয়ের পথ প্রশস্ত করেন। তড়িঘড়ি ম্যাচ শেষ করে নেট রানরেট বাড়িয়ে নেওয়ার চেষ্টা করতে গিয়ে একটা সময় ম্যাচ কিছুটা কঠিন করে ফেলেছিল ভারত। যস্তিকা ভাটিয়া (১৮ বলে ২৩) এবং জেমাইমা রডরিগেজ (১৫ বলে ২৬) গুরুত্বপূর্ণ অবদান রাখলেন। অর্ধশতরান করে ম্যাচের সেরা হন শেফালি।

বাংলাদেশের বিরুদ্ধে মারমুখী শেফালি ভার্মা। বৃহস্পতিবার ম্যাঞ্চেস্টারে। ছবি: পিটিআই

স্কোরবোর্ড

বাংলাদেশ

দিলারা ক শ্রী চরণি ব রেনুকা	৪ (৮)
জুয়াইরিয়া ক ও ব নন্দনী	৩৩ (৩১)
শোভনা ক দীপ্তি ব রাধা	২২ (২৬)
নিগার স্টাঃ রিচা ব রাধা	৩২ (২৭)
শর্মিন অবসৃত আউট	১০ (১২)
শর্না ক রেনুকা ব শ্রী চরণি	১৩ (১০)
ঋতু ব রাধা	৮ (৪)
রাবেয়া অপরাজিত	২ (২)
নাহিদা ক জেমাইমা ব শ্রী চরণি	০ (২)
মারুফা অপরাজিত	২ (১)
অতিরিক্ত	১০
মোট (২০ ওভারে, ৮ উইকেটে)	১৩৬

■ উইকেট পতন : ১/৮, ২/৫৯, ৩/৭৯, ৪/১০৬, ৫/১২০, ৬/১২৮, ৭/১৩৪, ৮/১৩৪

■ বোলিং : শেফালি ২–০–১১–০, রেনুকা ৩–০–২১–১, শ্রী চরণি ৪–০–২১–২, নন্দনী ৩–০–৩২–১, দীপ্তি ৪–০–২৩–০, রাধা ৪–০–২৮–৩

ভারত

স্মৃতি ক রাবেয়া ব মারুফা	৮ (৬)
শেফালি স্টাঃ নিগার ব নাহিদা	৫৩ (৩৪)
যস্তিকা ক রাবেয়া ব ঋতু	২৩ (১৮)
রিচা এলবিডব্লু ব রাবেয়া	১০ (১২)
জেমাইমা ক মারুফা ব ঋতু	২৬ (১৫)
হরমনপ্রীত অপরাজিত	১৩ (১৪)
দীপ্তি অপরাজিত	৫ (২)
অতিরিক্ত	১
মোট (১৬.৫ ওভারে, ৫ উইকেটে)	১৩৯

■ উইকেট পতন : ১/৩১, ২/৭৬, ৩/৯৪, ৪/৯৮, ৫/১২৮

■ বোলিং : মারুফা ৩–০–২৮–১, সানজিদা ৩–০–৩৯–০, ঋতু ৪–০–২৯–২, রাবেয়া ৩–০–১৯–১, নাহিদা ৩.৫–০–২৪–১

■ ভারত ৫ উইকেটে জয়ী

■ ম্যাচের সেরা: শেফালি ভার্মা

ইতিহাসের ম্যাচে নতুন সঙ্কট

আজকালের প্রতিবেদন

একদিকে ইতিহাসের হাতছানি, অন্যদিকে প্রবল অনিশ্চয়তা। দেশের জার্সিতে সর্বকনিষ্ঠ ক্রিকেটার হিসেবে অভিষেকের হাতছানি বৈভব সূর্যবংশীর হাতে। কিন্তু তিনি তো আসবেন শুরুতে। তার মানে, ওপেনিং জুটি ভাঙতে হবে। টি২০ বিশ্বকাপ জয়ী দলে শুরুতে আসতেন সঞ্জু স্যামসন, অভিষেক শর্মা। তিনে ঈশান কিষাণ। তিনজনই দারুণ সফল। আয়ারল্যান্ডের বিরুদ্ধে আজ বৈভব শুরুতে এলে হয়তো সঙ্গী হবেন অভিষেক।

আজ প্রথম টি২০

ভারত বনাম আয়ারল্যান্ড

(সন্ধে ৬–০০। সোনি স্পোর্টস)

তাহলে সঞ্জু কোথায় যাবেন? তিনে ঈশানকে সরানো যাবে না। অধিনায়ক শ্রেয়স চার নম্বরে, সহ অধিনায়ক তিলক ভার্মা পাঁচ নম্বরে নামেন। অর্থাৎ, এই দুই জায়গাতেও 'নো ভ্যাকেন্সি'। সঞ্জুকে কি তাহলে আবার সেই ছয় নম্বরে যেতে হবে? আয়ারল্যান্ডের বিরুদ্ধে নামার আগে এটাও বড় প্রশ্ন ভারতীয় শিবিরে। অলরাউন্ডার হিসেবে শিবম দুবে, অক্ষর প্যাটেলরা যেমন আছেন, তেমনই নবাগত সূর্যাংশ শেড়গেও সুযোগ পেতে পারেন। বোলিংয়ে বুমরা, সিরাজ, বরুণরা নেই। প্রসিদ্ধ কৃষ্ণ, প্রিন্স যাদবরা যেমন আছেন, তেমনই চোট সারিয়ে ফিরেছেন হর্ষিত রানা।

সাইয়ের শতরান

গলে শুরু চারদিনের প্রথম বেসরকারি টেস্ট। শ্রীলঙ্কা 'এ' দলের বিরুদ্ধে টস জিতে প্রথমে ব্যাটিং নিল ভারত 'এ'। প্রথম দিনের শেষে ভারতীয় দলের রান ৩৩৩/৪। শতরান ওপেনার সাই সুদর্শনের (১৩২)। অধিনায়ক ধ্রুব জুরেল অপরাজিত ৬৮। ক্রিজে সঙ্গী শাইক রাশিদ (অপরাজিত ৫৩)।

লিগে এক গ্রুপে দুই প্রধান

আজকালের প্রতিবেদন

আসন্ন কলকাতা লিগে গ্রুপ পর্বেই ডার্বি হতে চলেছে। বৃহস্পতিবার আইএফএ অফিসে গ্রুপ বিন্যাসের জন্য লটারি হল। দেখা যাচ্ছে, গ্রুপ এ–তে রয়েছে মোহনবাগান ও ইস্টবেঙ্গল।

গ্রুপ এ–র অন্য দলগুলি হল ভবানীপুর, বিএসএস, ইউনাইটেড কলকাতা এসসি, মেসারার্স, কালীঘাট এমএস, রেলওয়ে এফসি, ক্যালকাটা কাস্টমস, পাঠচক্র, জর্জ টেলিগ্রাফ, খিদিরপুর এসসি, বিধাননগর মিউনিসিপ্যাল এসএ। অন্য গ্রুপে মহমেডান স্পোর্টিং। তাতে কলকাতা পুলিশ, ইউনাইটেড স্পোর্টস, পিয়ারলেস, উয়াড়ি, শ্রীভূমি, পুলিশ এসি, কালীঘাট এসএলএ, সুরুচি সঙ্ঘ, রেনবো এসি, কোল ইন্ডিয়া, এরিয়ান ও ডায়মন্ড হারবার। এবার বাড়ছে ভূমিপুত্রের সংখ্যা। প্রথম একাদশে ৬ জন ভূমিপুত্র খেলানো বাধ্যতামূলক করা হয়েছে। গতবার সংখ্যাটা ৫ জন ছিল। ৮–১০ জুলাইয়ের মধ্যে লিগ শুরু হওয়ার কথা।

এবার ডুরান্ড কাপের ম্যাচগুলি পাঁচটি শহরের সাতটি স্টেডিয়ামে হবে। প্রথমবার রাঁচির বিরসা মুন্ডা স্টেডিয়ামেও খেলা হবে। পাশাপাশি কলকাতার যুবভারতী ও কিশোরভারতী ক্রীড়াঙ্গন, গুয়াহাটির ইন্দিরা গান্ধী স্টেডিয়াম, ইম্ফলের খুমান লাম্পাক স্টেডিয়াম ও শিলংয়ের জওহরলাল নেহরু স্টেডিয়াম নির্বাচিত ভেন্যুতে আছে। সূত্রের খবর, জুলাইয়ের প্রথম সপ্তাহে গ্রুপ বিন্যাস হবে।

গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স নেটওয়ার্ক

কর্পোরেট অফিস: ৪ নং ফ্লোর, ইস্ট উইং, ওয়ার্ল্ড মার্ক-১, অ্যারোসিটি, দিল্লি- ১১০০৩৭, ফোন: ০১১-৪৯১১১২০০, www.gstn.org.in

টেন্ডার বিজ্ঞপ্তি

গুডস অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স নেটওয়ার্ক (জিএসটিএন), একটি সরকারি উদ্যোগ, নিম্নলিখিত পরিষেবাগুলির জন্য যোগ্য সংস্থাগুলির কাছ থেকে দরপত্র আহ্বান করছে:

বিবরণ	প্রাক-দরপত্র সভার তারিখ ও সময়	দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়
জিএসটিএন-এর জন্য অফিস প্রেমিসেস ভাড়ার নিমিত্ত আরএফপি	তারিখ: ০১.০৭.২০২৬ সময়: ১৫:৩০ ঘটিকা	তারিখ: ১০.০৭.২০২৬ সময়: ১১:৩০ ঘটিকা

আরএফপি নথি জিএসটিএন ওয়েবসাইট: www.gstn.org.in এবং CPPP Portal থেকে ডাউনলোড করা যেতে পারে। যেকোনো সংশোধনী/ সংযোজনী জিএসটিএন ওয়েবসাইটে আপলোড করা হবে।

সঞ্জয় শর্মা
ভিপি (পি অ্যান্ড সি)

CBC 15319/11/0011/2627

AAJKAAL 26.06.2026, KOLKATA, SILIGURI

বাঁক অফ বড়ৌদা Bank of Baroda

জনবিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যাঙ্ক অফ বরোদার টালিগঞ্জ শাখা **মেসার্স ক্যামেলিয়া প্রোডাকশনস প্রাইভেট লিমিটেড,** কর্পোরেট অফিস: ৩২এ, সি আর অ্যাভিনিউ, ট্রাস্ট হাউস, কলকাতা–৭০০০১২–এর স্বত্বাধীন নিম্নবর্ণিত সম্পত্তিটি একটি ঋণ/ ধারের সুবিধার প্রেক্ষিতে জামানত রূপে গ্রহণে আগ্রহী।

যদি নিম্নবর্ণিত সম্পত্তির ওপর কারও কোনও অধিকার/ স্বত্ব/ স্বার্থ/ দাবি থাকে, তবে তাঁদের নিজ দাবির স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণ সঙ্গে নিয়ে ১৫ দিনের মধ্যে ব্যাঙ্কে যোগাযোগের পরামর্শ দেওয়া হচ্ছে।

যদি ১৫ দিনের মধ্যে কোনও উত্তর না পাওয়া যায়, তবে এমনটাই ধরে নেওয়া হবে যে, সম্পত্তিটি সমস্ত রকম দায়/ দাবি/ দায়বদ্ধতা থেকে মুক্ত এবং ব্যাঙ্ক বন্ধকের প্রক্রিয়ায় পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

সম্পত্তির বিশদ বিবরণ:

সামান্য কমবেশি ২৩৭০ বর্গফুট কার্পেট এরিয়া বিশিষ্ট অফিস স্পেসের অপরিহার্য সমগ্র পরিমাণ, ৪০ বছরের পুরনো, রোড জোন– বেন্টিঙ্ক স্ট্রিট ক্রসিং, এম জি রোড ক্রসিং, রাস্তার পাশে, যা ৬ নং ফ্লোরের হস্তান্তরিত অংশ, ব্লক 'এ' রূপে চিহ্নিত, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন, ওয়ার্ড নং ৪৭, থানা– বৌবাজার, পিন কোড– ৭০০০১২, জেলা– কলকাতার অন্তর্গত, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ৩২এ, চিত্তরঞ্জন অ্যাভিনিউ, ট্রাস্ট হাউস।

চৌহদ্দি: উত্তর– চিত্তরঞ্জন অ্যাভিনিউ; দক্ষিণ– মলঙ্গা লেন; পূর্ব– অন্যান্য অফিসের ব্যবহৃত জায়গা; পশ্চিম– ৩০, চিত্তরঞ্জন অ্যাভিনিউ।

শাখা প্রবন্ধক, ব্যাঙ্ক অফ বরোদা, টালিগঞ্জ শাখা
১৮২, এস পি মুখার্জি রোড, কলকাতা–৭০০০২৬
যোগাযোগের নম্বর: ৮৩৩৫০৩২০৭৩ / ৭৯৮০৪৭১৪৯২

কেনরা বৈঙ্ক Canara Bank — A Government of India Undertaking — **সিন্ডিকেট Syndicate**

রিজিওনাল অফিস: হাওড়া
রিকভারি অ্যান্ড লিগ্যাল সেকশন
১৯২, জি টি রোড, লালবাবা কলেজের বিপরীতে, বেলুড়, হাওড়া, পিন–৭১১২০২

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
তারিখ: ১৪.০৭.২০২৬

এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থান মোতাবেক দখল নেওয়া নিম্নবর্ণিত সম্পত্তিগুলি অনলাইন পদ্ধতিতে নিম্নোক্তমতো ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে:
নিম্নলিখিত শর্ত ও নিয়মাবলি অনুসারে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ক্রয়ে আগ্রহী ক্রেতাদের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ করা হচ্ছে।

ক্রম নং	ক) সুরক্ষিত ঋণদাতার নাম ও ঠিকানা খ) ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	ক) দায় (তৎসহ বকেয়া সুদ) খ) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) ১৩(৪) ধারাধীনে দখল বিজ্ঞপ্তির তারিখ	সম্পত্তির বিশদ বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য ঘ) যোগাযোগের ব্যক্তি, শাখার নাম ও রিজিওনাল অফিস ঙ) ইএমডি জমার অ্যাকাউন্ট
১.	ক) কানাড়া ব্যাঙ্ক, হলদিয়া শাখা খ) চিত্তরঞ্জন অধিকারী (ঋণগ্রহীতা) পিতা– কানাইলাল অধিকারী গ্রাম– তেরোপাড়া জলপাই (মৈশালি), পোঃঅঃ– নরঘাট এল এস, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১৬৩৩ দেবাশিস মাইতি (জামিনদার) পিতা– কেশব চন্দ্র মাইতি গ্রাম– তেরোপাড়া জলপাই (মৈশালি), পোঃঅঃ– নরঘাট এল এস, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১৬৩৩	ক) ৩১.০৫.২০২৬ অনুযায়ী মোট দায় ₹২৪,৩১,১৩৩.৭৮ তৎসহ ০১.০৬.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ০২.০৫.২০২৫ গ) ২১.০৮.২০২৫	দোতলা আবাসবাড়ি সমেত জমি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: এডিএসআর– খঞ্চি, মৌজা– তেরোপাড়া জলপাই, গ্রাম– তেরোপাড়া জলপাই, জে এল নং ৩৬৩, আর এস খতিয়ান নং ৩৩২, এল আর প্লট নং ৩৬৩, আর এস খতিয়ান নং ১৪০৩, এল আর খতিয়ান নং ১০১৬, কল্যাণপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, পোঃঅঃ– নরঘাট এল এস, থানা– নন্দকুমার, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৩৩, পশ্চিমবঙ্গ। [সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ₹২৩,০০,০০০.০০ খ) ₹২,৩০,০০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ব্রাঞ্চ–ইন–চার্জ মোবাইল: ৮৩৩৪৯ ৯৯১৯৪ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹২,৩০,০০০.০০ BAANKNET.com (https://baanknet.com) পোর্টালে উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে
২.	ক) কানাড়া ব্যাঙ্ক, কাঁথি শাখা খ) শ্রীমতী মাধবী জানা (ঋণগ্রহীতা) স্বামী– তপন জানা গ্রাম– ধর্মদাসবাড়, পোঃঅঃ ও থানা– কাঁথি, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন–৭২১৪০১	ক) ৩১.০৫.২০২৬ অনুযায়ী মোট দায় ₹১৮,২২,৫৫৩.৯৫ তৎসহ ০১.০৬.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ১২.১১.২০২৪ গ) ০৪.০২.২০২৫	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জেলা– পূর্ব মেদিনীপুর, এডিএসআর– কাঁথি–১, কাঁথি, থানা– কাঁথি, মৌজা– ধর্মদাসবাড়, জে এল নং ৩০৯, এল আর খতিয়ান নং ১৫৭৭, আর এস এবং এল আর দাগ/ প্লট নং ৪৮৯, ৪৯১, ৪৯৩ ও ৪৯৪, জমির পরিমাপ– ১৬.৫ ডেসিমেল (বাস্তু), তৎসহ বাড়ি, সম্পত্তির স্বত্বধারক: শ্রীমতী মাধবী জানা। চৌহদ্দি: উত্তর– বরম রাস্তা এবং প্লট নং ৪৮৯ ও ৪৯৪; দক্ষিণ– সাধু মান্না; পূর্ব– সন্তোষ পাল ও অন্যরা; পশ্চিম– ৪৯০ নং প্লটে হরিপদ বারিকের সম্পত্তি। [সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ₹৪২,৭৭,০০০.০০ খ) ₹৪,২৭,৭০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ব্রাঞ্চ–ইন–চার্জ মোবাইল: ৮৩৩৪৯ ৯৯১৮৬ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹৪,২৭,৭০০.০০ BAANKNET.com (https://baanknet.com) পোর্টালে উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে
৩.	ক) কানাড়া ব্যাঙ্ক, হলদিয়া শাখা খ) শ্রী প্রসেনজিৎ জানা (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা) নিবেদিতা নগর, ভবানীপুর, সেক্টর–২, ওয়ার্ড নং ১৯, পোঃঅঃ– দেভোগ, থানা– ভবানীপুর, জেলা– পূর্ব মেদিনীপুর শ্রী মানস জানা (জামিনদার) পিতা– চন্দ্র শেখর জানা গ্রাম– ভবানীপুর নিবেদিতা কলোনি, পোঃঅঃ– দেভোগ, হলদিয়া, সুতাহাটা–১, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৫৭	ক) ৩১.০৫.২০২৬ অনুযায়ী মোট দায় ₹৫৯,৭৮,৭৫৫.৩১ তৎসহ ০১.০৬.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ০৭.১০.২০১৭ গ) ১৪.১২.২০১৭	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জে এল নং ১৫০, প্লট নং ৮০, ওয়ার্ড নং ১৪, জমির পরিমাপ ২.২৫০ ডেসিমেল, সম্পত্তির স্বত্বধারক: শ্রী প্রসেনজিৎ জানা, পিতা– মানস জানা। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– সুকুমার জানা; দক্ষিণ– সাধারণ চলাচলের পরিসর এবং স্নুত্র প্রধানের সম্পত্তি; পূর্ব– প্রশান্ত প্রধানের সম্পত্তি; পশ্চিম– রাম হরি দাসের সম্পত্তি। [সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ₹১৮,৯৪,০০০.০০ খ) ₹১,৮৯,৪০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ব্রাঞ্চ–ইন–চার্জ মোবাইল: ৮৩৩৪৯ ৯৯১৯৪ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹১,৮৯,৪০০.০০ BAANKNET.com (https://baanknet.com) পোর্টালে উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে
৪.	ক) কানাড়া ব্যাঙ্ক, তমলুক শাখা খ) শ্যামল কুমার বর্মণ (ঋণগ্রহীতা) পিতা– সুবল বর্মণ গ্রাম– কলাগেছিয়া, তমলুক, পিন–৭২১৬৩২ সুলেখা বর্মণ (জামিনদার) স্বামী– শ্যামল কুমার বর্মণ গ্রাম– কলাগেছিয়া, মৌজা– ৭০ নং জলপাই, গ্রাম পঞ্চায়েত– ২ নং শ্যাওড়াবেড়িয়া জলপাই, পোঃঅঃ– দয়াল দাসী, থানা– নন্দকুমার, পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৬৫২	ক) ৩১.০৫.২০২৬ অনুযায়ী মোট দায় ₹৩০,৬৩,৪২২.৯৩ তৎসহ ০১.০৬.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ২৩.০৭.২০১৯ গ) ১৬.১১.২০১৯	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: পূর্ব মেদিনীপুর, থানা– নন্দকুমার, মৌজা– কলাগেছিয়া জলপাই, তৌজি নং ১৮৫০, জে এল নং ৭০, খতিয়ান নং ৯১৩৪ (হাল), ৬৪৩৪, ৪৯৬৮ (এল আর), হাল প্লট নং ৭১৫, প্লট নং ১৪৭৮, জমির পরিমাপ– ৬.২৫ ডেসিমেল (বাস্তু), তৎসহ বাড়ি। সম্পত্তির স্বত্বধারক: শ্যামল কুমার বর্মণ। চৌহদ্দি: উত্তর– রবীন্দ্রনাথ বর্মণ; দক্ষিণ– পুকুর; পূর্ব– দ্বিজেন্দ্র নাথ বর্মণ; পশ্চিম– প্লট নং ১৪৭৭। [সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ₹৫,৪০,০০০.০০ খ) ₹৫৪,০০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ব্রাঞ্চ–ইন–চার্জ মোবাইল: ৮৩৩৪৯ ৯৯২২০ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹৫৪,০০০.০০ BAANKNET.com (https://baanknet.com) পোর্টালে উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে
৫.	ক) কানাড়া ব্যাঙ্ক, রামনগর শাখা খ) মেসার্স সৌমেন মোবাইল (প্রোপ্রাইটরশিপ সংস্থা) প্রোপ্রাইটর: সৌমেন গিরি গ্রাম– মন্দার, পোঃঅঃ ও থানা– রামনগর, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪৪১ সৌমেন গিরি (প্রোপ্রাইটর ও বন্ধকদাতা) পিতা– দেবেন্দ্র নাথ গিরি গ্রাম– মন্দার, পোঃঅঃ ও থানা– রামনগর, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪৪১	ক) ৩১.০৫.২০২৬ অনুযায়ী মোট দায় ₹৩,৩০,৫০৭.৯৯ তৎসহ ০১.০৬.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ২৭.০৫.২০২১ গ) ০৮.০৮.২০২৪	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জেলা– পূর্ব মেদিনীপুর, এডিএসআর– রামনগর, থানা– রামনগর, মৌজা– মন্দার, জে এল নং ১১২, খতিয়ান নং ১৬০৭, প্লট নং ১৫৯, জমির পরিমাপ– ৫.১২৫ ডেসিমেল (বাস্তু), তৎসহ বিল্ডিং। সম্পত্তির স্বত্বধারক: শ্রী সৌমেন গিরি। [সম্পত্তিটি ব্যাঙ্কের প্রতীকী দখলে রয়েছে]	ক) ₹২,২০,০০০.০০ খ) ₹২২,০০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ব্রাঞ্চ–ইন–চার্জ মোবাইল: ৬২৯২২ ৪৩৪৭৬ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹২২,০০০.০০ BAANKNET.com (https://baanknet.com) পোর্টালে উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে

ই–নিলামের তারিখ ও সময়: ১৪.০৭.২০২৬, সকাল ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ১টা ৩০ মিনিট; ইএমডি জমার শেষ তারিখ: ১৩.০৭.২০২৬, বিকেল ৫টা পর্যন্ত

–: শর্ত ও নিয়মাবলি :–

১. পরিসম্পদগুলি 'যেখানে আছে', 'যেমন আছে' ও 'যা কিছু আছে' ভিত্তিতে বিক্রি করা হবে।
২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে পরিসম্পদগুলি বিক্রি করা হবে না।
৩. কোনও সম্পত্তির ক্ষেত্রে মাত্র একজন বিডার হলে সেই বিডার/ ক্রেতাকে সংরক্ষিত মূল্যের এক ডাক ওপরে বিড করতে হবে।
৪. আমাদের সার্ভিস প্রোভাইডারের ওয়েবসাইট অর্থাৎ, BAANKNET.COM (https://baanknet.com/) –এর মাধ্যমে কেবলমাত্র 'অনলাইন ইলেকট্রনিক পদ্ধতি'তে নিলাম/ বিডিং আয়োজিত হবে।
৫. নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১০% হারে ইএমডি বাবদ অর্থাঙ্ক সরাসরি মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড [BAANKNET.COM (https://baanknet.com/)]–এর ই–ওয়ালেটে অথবা এখান থেকে চালান জেনারেট করে আরটিজিএস/ এনইএফটি–র মাধ্যমে উক্ত চালানে উল্লিখিত অ্যাকাউন্টে সর্বশেষ ১৩.০৭.২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে।
৬. সার্ভিস প্রোভাইডার মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড [BAANKNET.COM (https://baanknet.com/)]–এর সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য: ৭০৪৬৬১২৩৪৫ / ৬৩৫৪৯১০১৭২ / ৮২৯১২২০২২০ / ৯৮৯২২১৯৮৪৮ / ৮১৬০২০৫০৫১, ই–মেল আইডি: support.BAANKNET@psballiance.com।
৭. সংশ্লিষ্ট শাখা আধিকারিকদের সঙ্গে আগাম যোগাযোগের পরে ২৯.০৬.২০২৬ থেকে ১৩.০৭.২০২৬ তারিখের মধ্যে যে কোনও কাজের দিনে দুপুর ১২টা থেকে বিকেল ৫টার মধ্যে পরিসম্পদগুলি পরিদর্শন করা যাবে।
৮. সফল ক্রেতা/সর্বাধিক বিডারকে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (ইতিমধ্যে প্রদত্ত ইএমডি অন্তর্ভুক্ত করে) তাঁকে সর্বাধিক দরদাতা/সফল ক্রেতা ঘোষণার সঙ্গে সঙ্গে জমা দিতে হবে এবং বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক জমা দিতে হবে বিক্রয় নিষ্পত্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে। ওপরে উল্লিখিত এই নির্ধারিত মেয়াদের মধ্যে সফল দরদাতা/ ক্রেতা পুরো বিক্রয়মূল্য আদায় দিতে ব্যর্থ হলে, তাঁর তরফে জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।
৯. প্রযোজ্যমতো স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন চার্জ, যে কোনও প্রকার বিধিবদ্ধ বকেয়া/ দর/ কর/ রেজিস্ট্রেশন ফি/ বিবিধ খরচাপাতি/ সরকারি বকেয়া/ যে কোনও কর্তৃপক্ষের কাছে বকেয়া ইত্যাদি কেবলমাত্র সফল দরদাতা/ক্রেতাকেই বহন করতে হবে।
১০. তাঁদের বকেয়া পুরোপুরি আদায় না দিলে ওপরে লেখা তারিখ, সময় ও স্থানে নিলাম বিক্রি আয়োজনের ব্যাপারে উপরোক্ত ঋণ সম্পর্কিত ঋণগ্রহীতা এবং জামিনদারগণের প্রতিও এটি একটি বিজ্ঞপ্তি হিসেবে গণ্য হবে।
১১. এতদ্দ্বারা ওপরে লেখা ই–নিলামের নির্ধারিত তারিখের মধ্যে সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচাপাতি সমেত বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে, যেমনটা করতে তাঁরা ব্যর্থ হলে ওপরে লেখা সম্পত্তিগুলি নিলাম/বিক্রি করা হবে এবং এর পরেও যদি কোনও অর্থাঙ্ক বকেয়া থাকে, তাহলে তা সুদ ও মাশুল সমেত তাঁদের থেকে আদায় করা হবে।
১২. কোনও কারণ না দেখিয়ে প্রাপ্ত যে কোনও বা সমস্ত প্রস্তাব/বিড গ্রহণ বা